

মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের মহিলা ভর্তির লক্ষ্যে প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার তারিখ : ৩০/১২/২০২৪ খ্রি.

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

সভার সময় : বেলা- ১১ টা

সভাপতি : জনাব মোঃ জাকির হোসেন

উপজেলা নির্বাহী অফিসার

লৌহজং, মুন্সীগঞ্জ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।  
আলোচনা : ১.

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার সদস্য সচিব জানান যে, ২০২৪ -- ২০২৫ অর্থ বছরে মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে দর্জিবিজ্ঞান ট্রেডে তৃতীয় ব্যাচে ৩০ জন মহিলা ভর্তির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে গত ০২/১২/২০২৪ খ্রি.। ব্যাপক প্রচার প্রচারণা করা হয়। এর পরিপ্রেক্ষিতে মোট ৩৩ টি আবেদন পাওয়া যায়।

প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটির সদস্যদের নিকট আবেদন পত্র গুলো দেয়া হয়। কমিটির সদস্যবৃন্দ আবেদন পত্র যাচাই-বাছাই করেন এবং আবেদনকারী প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করেন। সাক্ষাৎকার গ্রহণ ও যাচাই-বাছাই শেষে ৩০ জন প্রশিক্ষণার্থী চূড়ান্তভাবে নির্বাচন করা হয় (চূড়ান্ত তালিকা সংযুক্ত) এবং ৩ জন প্রার্থী সাক্ষাৎকারে অনুপস্থিত থাকেন।

সিদ্ধান্ত : চূড়ান্তভাবে নির্বাচিত তৃতীয় ব্যাচের নারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করতে হবে। আগামী ০১ জানুয়ারী /২০২৫ তারিখ হতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে।

বাস্তবায়নে : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ট্রেড প্রশিক্ষক।

আলোচনা : ২.

৩য় ব্যাচে দর্জিবিজ্ঞান ও হাতের কাজের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ৪.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : দর্জিবিজ্ঞান ও হাতের কাজের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ট্রেড প্রশিক্ষক।

সভায় সভাপতি মহোদয় আলোচনা করেন, প্রশিক্ষণার্থীদের শুধুমাত্র ট্রেডের উপর প্রশিক্ষণ নয় সামাজিক সমস্যা যেমন- বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন, মাদক, যৌন-হয়রানী, নারী ও শিশু পাচার রোধ ইত্যাদি বিষয়ে তাদের সচেতনতা বৃদ্ধির জন্য আলোচনা করতে হবে। নির্বাচিত নারীরা যাতে উদ্যোক্তা হতে পারে সে বিষয়ে তাদের সচেতন হতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জাকির হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

“মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটি”

লৌহজং, মুন্সীগঞ্জ।